# আজ ৩৫ বছর পর সরাসরি ভোটে রাষ্ট্রপতি নির্বাচন




ছবি: সংগৃহীত

দীর্ঘ ৩৫ বছর পর রাষ্ট্রপতি নির্বাচনে সরাসরি ভোটের আয়োজন হতে যাচ্ছে। আজ বৃহস্পতিবার (২০ আগস্ট) জাতীয় সংসদে এই ভোট অনুষ্ঠিত হবে। নির্ধারিত সময়ের মধ্যে দুই প্রার্থীর কেউ মনোনয়ন প্রত্যাহার না করায় ভোটগ্রহণের প্রয়োজন হচ্ছে।

এবারের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন বিএনপির মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী অলি আহমদ।

নির্বাচন কমিশনের তফসিল অনুযায়ী, দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সংসদ ভবনে ভোট দেবেন সংসদ সদস্যরা। ভোট শেষ হওয়ার পর সংসদ কক্ষেই ব্যালট গণনা করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিবালয়ের জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ।

জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনসহ মোট আসন ৩৫০টি। তবে বিএনপির সংসদ সদস্য আসলাম চৌধুরীর সদস্যপদ আদালতের আদেশে বাতিল হওয়ায় এবার রাষ্ট্রপতি নির্বাচনে ভোটার হিসেবে থাকছেন ৩৪৯ জন সংসদ সদস্য।

LENS ASIA

রাষ্ট্রপতি পদে দুই প্রার্থী থাকায় ভোটের মাধ্যমে নির্ধারিত হবে কে দেশের পরবর্তী রাষ্ট্রপতি হচ্ছেন। নির্বাচিত প্রার্থী দায়িত্ব গ্রহণের পর দেশের সাংবিধানিকভাবে গুরুত্বপূর্ণ এই পদে নতুন মেয়াদ শুরু করবেন।

এর আগে গত ২৪ জুলাই রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন মো. সাহাবুদ্দিন। তার পদত্যাগের পর নতুন রাষ্ট্রপতি নির্বাচনের প্রক্রিয়া শুরু করে নির্বাচন কমিশন।